



# জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর

সূত্র নং : জাতীঃবিঃ/পনি/মাফা/২০১৬/২০১৯/২৬২

তারিখ : ২৩/১২/২০১৮

## বিজ্ঞপ্তি

বিষয় : ২০১৬ সালের মাস্টার্স শেষ পর্ব (নতুন সিলেবাস) পরীক্ষার মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৬ সালের মাস্টার্স শেষ পর্ব (নতুন সিলেবাস) সকল বিষয়ের মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা আগামী ১০/০১/২০১৯ তারিখ থেকে ৩১/০১/২০১৯ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। পরীক্ষা গ্রহণ ও অন-লাইনে নম্বর প্রেরণ সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেওয়া হ'লঃ

- ০১) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে ([www.nubd.info/mf](http://www.nubd.info/mf)) কলেজের পরীক্ষার্থীদের তালিকা (হাজিরাপত্র) দেওয়া হবে। পরীক্ষার্থীদের তালিকা ডাউনলোড করে Print Out নিয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে।
- ০২) মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা গ্রহণ করে Printed তালিকায় সংশ্লিষ্ট পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বর পরীক্ষক কর্তৃক হাতে লিপিবদ্ধ করে প্রতি পৃষ্ঠায় নির্ধারিত স্থানে অঙ্ক পরীক্ষক ও বহিঃ পরীক্ষক কর্তৃক স্বাক্ষর করে মূল ম্যানুয়েল কপি প্রস্তুত করতে হবে। মূল ম্যানুয়েল কপি থেকে অন-লাইনে নম্বর এন্ট্রি করার পর প্রিন্ট কপি সংশ্লিষ্ট বিষয়ের বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর নিম্নোক্তভাবে মূল ম্যানুয়েল কপি ও প্রিন্ট কপি প্রেরণ ও সংরক্ষণ করতে হবে-
  - ক) মূল ম্যানুয়েল কপি, এন্ট্রিকৃত নম্বরের প্রিন্ট কপি (এক কপি) এবং হাজিরাপত্র একটি খামে ভরে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ বরাবর হাতে হাতে বা ডাকযোগে প্রেরণ করতে হবে।
  - খ) মূল ম্যানুয়েল কপির ফটোকপি (এক কপি) এবং এন্ট্রিকৃত প্রিন্টকপির ফটোকপি (এক কপি) সীলগালা করে সংশ্লিষ্ট বিষয়ের বিভাগীয় প্রধান সংরক্ষণ করবেন।
  - গ) নম্বর এন্ট্রি করে প্রেরণের পর কোন ভুল-ভ্রান্তি পরিলক্ষিত হলে বা কারো নম্বর ভুলে প্রেরণ না করা হলে তাৎক্ষণিক ফরওয়ার্ডিং-এর মাধ্যমে সংশোধনী নিম্ন-স্বাক্ষরকারী বরাবরে জানাতে হবে। ফলাফল প্রকাশের পর ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার নম্বর সংশোধন বা সংযোজনের কোন সুযোগ নাই।
- ০৩) উল্লেখ্য ফলাফল প্রকাশের পর মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষার অন-লাইনে এন্ট্রিকৃত নম্বরের কোন প্রকার সংশোধন ও সংযোজন কোনভাবেই গ্রহণ করা হবে না। নম্বর প্রেরণের পূর্বে নম্বরপত্র বার বার যাচাই করে নেওয়ার জন্য অনুরোধ করা হল। নম্বর এন্ট্রি দেয়ার সময় সতর্কতা অবলম্বনসহ কলেজের পাসওয়ার্ডের গোপনীয়তা রক্ষা করতে হবে। অন-লাইনে নম্বরসমূহ এন্ট্রি করার জন্য ওয়েব সাইটের নির্দেশনা অনুসরণ করতে হবে এবং প্রয়োজনে কলেজ কোড ও কলেজের নাম উল্লেখ পূর্বক ই-মেইলে ([mf@nubd.info](mailto:mf@nubd.info)) যোগাযোগ করা যেতে পারে।
- ০৪) কোন কলেজের শিক্ষার্থী নিজ কলেজের পরিবর্তে অন্য কলেজ কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে ঐ কলেজের শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ শেষে নম্বর ফর্দ সীলগালা করে সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। অধ্যক্ষ মহোদয় তাঁর পাস ওয়ার্ড ব্যবহার করে নম্বর অন-লাইনে প্রেরণ করবেন।

২০১৬ সালের মাস্টার্স শেষ পর্ব মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা ১০/০১/২০১৯ থেকে ৩১/০১/২০১৯ পর্যন্ত নির্ধারিত তারিখের মধ্যেই সম্পন্ন করতে হবে। নির্ধারিত বহিঃ পরীক্ষকের সাথে যোগাযোগ করে পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করে নেওয়ার জন্য অনুরোধ করা হ'ল। কোন কারণে বহিঃ পরীক্ষক পরীক্ষা গ্রহণে অসম্মতি জানালে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে নতুন বহিঃ পরীক্ষকের নাম নিতে হবে। কোন অবস্থাতেই বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা ব্যতিরেকে বহিঃ পরীক্ষক নিয়োগ করা যাবে না।

  
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোন : ৯২৯১০১৭, ৯২৯১০৪৭

ফ্যাক্স : ৯২৯১০৪৪

ইমেইল : [controller@nu.edu.bd](mailto:controller@nu.edu.bd)

ওয়েব সাইট : [www.nu.edu.bd](http://www.nu.edu.bd)